

B.A. 4th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: উনিশ ও বিশ শতকের কাব্য ও নাটক

Course: 40112

Course ID: AHBNG-402-C-9

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও

৫ x ২ = ১০

- ক) 'মেঘনাদবধ কাব্য' -এ উল্লিখিত মেঘনাদের পত্নী ও তার সহচরীর নাম লেখো।
খ) 'মেঘনাদবধ কাব্য'-এ কোন কোন সাহিত্যিকের নাম উল্লেখ রয়েছে?
গ) শঙ্খ ঘোষের 'বাবরের প্রার্থনা' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত তা প্রকাশকালসহ লেখো।
ঘ) 'জীবন-উদ্যানে তোর যৌবন-কুসুমভাতি কতদিন র'বে?' — কোন কবিতার অন্তর্গত? উক্ত অংশে কোন অর্থালংকারের প্রয়োগ লক্ষ করা যায়?
ঙ) শঙ্খ মিত্র কেন তাঁর নাটকের নাম 'অভাব' রাখতে চেয়েছিলেন?
চ) 'তা হলে তুমি তো একেবারে সার্জেন্ট হয়ে যাবে।' — বক্তার এই মন্তব্যের কারণ কী?
ছ) 'সধবার একাদশী' প্রহসনে উল্লিখিত কেনারাম ও নকুলেশ্বরের পেশা কী ছিল তা লেখো।
জ) 'সধবার একাদশী' প্রহসনটি কোন চরিত্রের উক্তি দিয়ে শুরু এবং কোন চরিত্রের উক্তি দিয়ে সমাপ্ত হয়েছে?

২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

- ক) 'মেঘনাদবধ কাব্য' অনুসারে রাবণের রাজসভার বর্ণনা দাও।
খ) 'অবনী বাড়ি আছো' কবিতাটির ভাববস্তু লেখো।
গ) 'বিভাব' নাটকে নাট্যরীতির যে অভিনবত্বের প্রকাশ ঘটেছে তা নিজের ভাষায় আলোচনা করো।
ঘ) 'সধবার একাদশী' প্রহসন অবলম্বনে অটলবিহারী চরিত্রটির পরিচয় দাও।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ১০ = ২০

- ক) 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গটির গুরুত্ব লেখো।
খ) 'চম্পা' কবিতা অবলম্বনে কবি সত্যেন্দ্রনাথ দত্তের কবি প্রতিভার পরিচয় দাও।
গ) সমকালীন যুগ প্রেক্ষাপট শঙ্খ মিত্রের 'বিভাব নাটকটিকে কতখানি প্রভাবিত করেছে তা আলোচনা করো।
ঘ) 'সধবার একাদশী' প্রহসনটির নামকরণের সার্থকতা বিচার করো।